

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি সংস্কার বোর্ড
শাখা-১(প্রশাসন)
১৪১-১৪৩ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.lrb.gov.bd

পরিপত্র

নং ৩১.০২.০০০০.০১১.০৯.০০১.১৪. ২৭৬

তারিখ : ১১ চৈত্র, ১৪২১
২৫ মার্চ, ২০১৫

বিষয় : ভূমি সংস্কার বোর্ড কর্তৃক প্রণীত ‘তথ্য অবমুক্তকরণ নীতিমালা ২০১৪’ অনুসরণে কার্যক্রম গ্রহণ সংক্রান্ত।

বাংলাদেশের প্রতিটি নাগরিকের জন্য আইনের শাসন, মৌলিক মানবাধিকার, সমতা, ন্যায় বিচার প্রতিষ্ঠা এবং রাজনৈতিক, অর্থনৈতিক ও সামাজিক অধিকার নিশ্চিত করা সংবিধান স্বীকৃত। এ লক্ষ্য বাস্তবায়নের জন্য একটি অন্যতম নিয়ামক হিসেবে কাজ করছে তথ্য অধিকার আইন। তথ্য জানার অধিকার দুর্বলতম নাগরিকদেরও ক্ষমতায়িত করতে পারে বিধায়; এ আইন প্রণয়নের মাধ্যমে দেশের জনগণের প্রকৃত ক্ষমতায়ন সম্ভব।

২। তথ্য অধিকার আইনের সঠিক প্রয়োগের ফলে সরকার ও জনগণের মধ্যে সেতুবন্ধন তৈরী করার প্রয়াসে ২০০৯ সালে তথ্য অধিকার আইন প্রণীত হয়। ভূমি সংস্কার বোর্ড তথ্যের অবাধ প্রবাহে বিশ্বাসী। বোর্ডের কার্যক্রম সংক্রান্ত যাবতীয় তথ্য জনগণের প্রাপ্তির অধিকারকে অধিকতর সহজ করার মানসে ভূমি সংস্কার বোর্ডের তথ্য অবমুক্তকরণ নীতিমালা, ২০১৪ প্রণয়ন করা হয়েছে। যা ভূমি সংস্কার বোর্ডের কার্যক্রম সম্পর্কিত তথ্য প্রাপ্তিতে সহায়ক ভূমিকা পালন করবে।

৩। ভূমি সংস্কার বোর্ড ও বোর্ডের আওতাধীন দপ্তর/অফিসসমূহের কর্মকাণ্ডে অধিকতর জবাদিহিতা নিশ্চিত করার পাশাপাশি কাঞ্চিত সেবার মানোন্নয়নে ভূমি সংস্কার বোর্ডের “তথ্য অবমুক্তকরণ নীতিমালা, ২০১৪” অনুসরণে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহনের নিমিত্ত সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

সংযুক্তি ৪ বর্ণনা মোতাবেক-

“তথ্য অবমুক্তকরণ নীতিমালা, ২০১৪” ১০ (দশ) পাতা।

(মোঃ মাহফুজুর রহমান)

(সচিব)

চেয়ারম্যান

ভূমি সংস্কার বোর্ড, ঢাকা

ফোন : ৯৫৬৬৭৩৭

ই-মেইল- chairman@lrb.gov.bd

প্রাপক :

১। সদস্য (প্রশাসন/ভূঃব্যঃ), ভূমি সংস্কার বোর্ড, ঢাকা

২। উপ ভূমি সংস্কার কমিশনার-১/২/৩, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা

৩। উপ ভূমি সংস্কার কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/ বরিশাল/সিলেট/রংপুর বিভাগ

৪। ম্যানেজার, কোর্ট অব ওয়ার্ডস, ভাওয়াল রাজ এস্টেট/ঢাকা নওয়াব এস্টেট

৫। সহকারী ভূমি সংস্কার কমিশনার-১/২/৩/৪/৫/৬, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা

৬। চেয়ারম্যান এর একান্ত সচিব, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)

৭। ছিসাব রক্ষণ কর্মকর্তা, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা

৮। জনাব অজয় কৃষ্ণ সাহা, পি.এ টু সদস্য (ভূঃব্যঃ), তাঁকে বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো।